



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ০৯৬

### রাজশাহীতে স্মার্ট কর্মসংস্থান মেলা অনুষ্ঠিত

রাজশাহী; ০৩ কার্তিক (১৯ অক্টোবর):

রাজশাহী সিটি করপোরেশন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহযোগিতায় কলেজ ও বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহের দক্ষ যুব, শারীরিকভাবে অক্ষম ও বেকার যুবদের জন্য বৃহস্পতিবার রাজশাহী বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্কে স্মার্ট কর্মসংস্থান মেলা-২০২৩ অনুষ্ঠিত হয়।

দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত চলা এই মেলায় প্রায় ৩৩টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে চাকুরিপ্রার্থীদের কাছ থেকে জীবন বৃত্তান্ত (সিভি) সংগ্রহ করে। এসব প্রতিষ্ঠানে সিভি প্রদানকারীদের মধ্যে থেকে ৮৯০ জনকে আগামী এক থেকে দুই মাসের মধ্যে বিভিন্ন পদে নিয়োগ প্রদান করা হবে বলে জানায় আয়োজক ও অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো।

বৃহস্পতিবার মেলায় তিনজনকে নিয়োগপত্র প্রদান করা হয়। নিয়োগপত্রপ্রাপ্তরা হলেন প্রাণ-আরএফএল গ্রুপে বরেন্দ্র ইন্ডাস্ট্রিয়াল পার্কে টেলিসেলস এক্সিকিউটিভ পদে কাশমেরী গোলাপ বন্যা, আমান জুট লিমিটেড-এ কোয়ালিটি কন্ট্রোল টেস্টার পদে মো. মিজানুর রহমান ও চাল ডাল লিমিটেডে লজিস্টিকস অ্যাসোসিয়েট পদে শাহ মো. তাহসীন আযিম শিহাব।

এদিকে বৃহস্পতিবার সন্ধ্যায় হাইটেক পার্কের জয় সিলিকন টাওয়ারে স্মার্ট রাজশাহী সিটি বিনির্মাণের লক্ষ্যে সমন্বিত পরিকল্পনা প্রণয়নে ছয় দিনব্যাপী 'স্মার্ট বাংলাদেশ ডিজাইন ল্যাব' এর প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ৩০টি দল থেকে সেরা ৩টি দলকে বাছাইপূর্বক সমাপনী অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে আর্থিক চেক তুলে দেন রাসিক মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন।

রাজশাহী সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. এবিএম শরীফ উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, এমপি।

অনুষ্ঠানে প্রতিমন্ত্রী বলেন, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সৃজনশীল, উদ্ভাবনী, দেশপ্রেমিক ও অসাম্প্রদায়িক চেতনা মনে-প্রাণে ধারণ করতে হবে। স্মার্ট বাংলাদেশ মানে শুধু লেখাপড়া করে উচ্চশিক্ষিত হওয়াই নয়, বরং স্মার্ট অর্থনীতির সঙ্গে সম্পৃক্ত প্রতিটি বিষয় সম্পর্কে নিজেকে দক্ষ করে গড়ে তোলা।

প্রতিমন্ত্রী আরো বলেন, সরকার এখন চাইছে দেশের সকল মানুষকে স্মার্ট নাগরিক হিসেবে গড়ে তোলা। এ বিষয়ের সঙ্গে সম্পৃক্ত সকল বিষয় যেমন- ক্যাশলেস লেনদেন, ইন্টারনাল মোবাইল ব্যাংকিং টাকা ট্রান্সফার, স্মার্ট চার্জিং পয়েন্ট স্থাপন করা। এজন্য সবাইকে এগিয়ে আহ্বান জানান তিনি।

.....  
তৌহিদ/সিকান্দার/রাফিদ/সাইদুর/২০২৩/২১.৪০